

তারিখ 31 MAR 1987
পৃষ্ঠা... 5... কলাম 3...



শিক্ষাঙ্গনে

বিকল্প শিক্ষা ব্যবস্থা

ইদানীং দেখা যায় কোন প্রকারেই মফঃস্বলে বর্তমান শিক্ষক মণ্ডলীর সাহায্যে নকল রোধ করা যাচ্ছে না। কোন কোন পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহে বাধা দেয়ায় পরীক্ষা কেন্দ্রে কর্মকর্তাদের হট-পাটকেল ছোঁড়া হয়, আবার কোন কোন কেন্দ্রে এসব বামেলা এড়াতে গিয়ে ভিতরে বেমালুম নকলের প্রশ্রয় দেয়া হচ্ছে। এক কথায় এ বলা যায়, এবারেও মফঃস্বলে বেশ নকল হয়েছে। নকলের প্রকৃতি একটুও কমেনি। ওয়াজ-নছিহতে ও লেখালেখিতে কোন কাজ হয়নি। স্কুলে যখন লেখাপড়া হয় না, তখন ছাত্ররা নকলের প্রবণতা ছাড়াবেই বা কেন?

শিক্ষা-অর্থ যদি সাধারণতঃ লেখা ও পড়া বুঝায় তবে হকিকতে পড়া যৎসামান্য কিছু থাকলেও বা পড়ার প্রহসন চললেও, স্কুলে লেখা মাত্রই নাই। খাতা দেখার ব্যাপারটা শিক্ষকরা একটা বামেলা বলে মনে করেন। এমনকি ত্রৈমাসিক পরীক্ষার কাগজও মফঃস্বলের শিক্ষকরা প্রাইভেট টিউশনীর ব্যস্ততার ফলে অবসর নেই অজুহাতে স্কুল ও কলেজের উচ্চ শ্রেণীর ছাত্রদের দ্বারা দেখিয়ে থাকেন বলে অনেক ক্ষেত্রেই অভিযোগ শোনা যায়। ওদিকে ১৯৭২ ইং সাল থেকে আজ ১৫ বছর যাবত নকল অপ্রতিহত গতিতে চলছে। কেউ কেউ নিরাশ হয়ে বলেছেন একে কিছুতেই রোধ করা যাবে না। কিন্তু

আমার স্থির বিশ্বাস প্রত্যেক অপকর্মে কোন না কোন প্রতিকার আছেই। হাল ছেড়ে দিলে চলবে না। শহরে নকল নেই। মাধ্যমিক স্কুলের ছাত্ররা লেখাপড়া করছে আর উচ্চ শিক্ষা ক্ষেত্রে ভর্তির ব্যাপারে বাজীমাৎ করছে। আশ্চর্যের বিষয় কি ভুলভোগী ভাল ছাত্ররা বা তাদের অভিভাবকরা কেউই এই ব্যাপারে সমস্বরে প্রতিবাদ করছে না। আমাদের অবস্থার পরিপ্রেক্ষিতে হাত-পা ছেড়ে দিলে চলবে না। আমার ক্ষুদ্র মতে মফঃস্বলে যে সব স্কুলে মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হয়, এ সব স্কুলের ছাত্রদের নকল বন্ধ করতে পারলেই অন্যান্য স্কুলের

ছাত্রদের নকল স্বতই বন্ধ হয়ে যাবে। কারণ নকল হয় শিক্ষকদের যোগসাজশে। যে সরিষার মध्ये ভূত থাকে সেই সরিষা দিয়ে কোন মতেই ভূত ছাড়ানো যায় না। শহরের উন্নত স্কুলগুলি ছাড়া বিকল্প স্পেশাল স্কুলগুলিও মাধ্যমিক শিক্ষাকে জিইয়ে রেখেছে। আমাদেরও মফঃস্বলের জন্য বিকল্প উপায় খুঁজে বের করতে হবে। যদি পরিবহনের বিকল্প পরিবহন থাকে তবে মফঃস্বলে শিক্ষার বাতি প্রজ্জ্বলিত রাখার খাতিরে বিকল্প শিক্ষা ব্যবস্থা থাকবে না কেন? বর্তমানে যেভাবে মফঃস্বলে শিক্ষাদান চলছে তাতে প্রতিভার পালন ও বিকাশ না হয়ে প্রতিভা নাশন হচ্ছে। প্রাইভেট